



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মাগুরা

এবং

উপপরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, খুলনা-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২১খ্রি: - ৩০ জুন ২০২২খ্রি:

সূচিপত্র

ক্র:নং	বিষয়	পৃষ্ঠা
১	কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
২	প্রস্তাবনা	৪
৩	রূপকল্প , অভিলক্ষ্য , কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
৪	বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফলা/প্রভাব	৬
৫	কর্মসম্পাদন পরিকল্পনা	৭-৮
৬	সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১০
৭	সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১১
৮	সংযোজনী ৩: অন্য অফিসের সংগে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১২-১৩
৯	সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২	
১০	সংযোজনী ৫: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২১-২২	
১১	সংযোজনী ৬: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২২	
১২	সংযোজনী ৭: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২১-২২	

## জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মাগুরা কর্মসম্পাদনের সার্বিক চিত্র

### সম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

#### সম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মাগুরা এর প্রধান কাজ হচ্ছে অফিসের দৈনন্দিন কাজ পরিচালনা, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, খুলনা কর্তৃক নির্ধারিত বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জন এবং জাতীয় সঞ্চয় স্কিমের বিনিয়োগ সংক্রান্ত আর্থিক ও আইনী সমস্যার সমাধান। জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, মাগুরা এর মাধ্যমে ২০২০-২১ অর্থবছরে মোট ৭১কোটি টাকা বিনিয়োগ লক্ষ্যমাত্রার বিপরীতে ৭০কোটি টাকা অর্জিত হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৯৯শতাংশ। অনুরূপভাবে ২০১৮-১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরে মোট বিনিয়োগ লক্ষ্যমাত্রা যথাক্রমে ৫৫ কোটি যার বিপরীতে অর্জন হয়েছে যথাক্রমে ৬৬কোটি এবং ৬২ কোটি টাকা; যা লক্ষ্যমাত্রার যথাক্রমে ৯২০ ও ১০০ শতাংশ। বিগত বছরগুলোতে ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের এ ধারা ছিল সন্তোষজনক। অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন সরকারী ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ: অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা (পিইএমএস) শীর্ষক কর্মসূচীর আওতায় 'জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' জুন-২০১৯ মাস হতে জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, মাগুরা চালু হয়েছে। সিস্টেমটি চালুর ফলে জাতীয় সঞ্চয় স্কিমের লেনদেন কার্যক্রমে ইএফটি চালুসহ সঞ্চয়পত্র স্ক্রিপলেস করা হয়েছে এবং গ্রাহক সেবার মান বৃদ্ধি পেয়েছে।

#### সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

নিজস্ব অবকাঠামোর অভাব; জনবল বিশেষতঃ প্রশিক্ষিত জনবলের স্বল্পতা; অপরিাপ্ত লজিস্টিক সুবিধা, সীমাবদ্ধ সাংগঠনিক কাঠামো, ।

#### ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- চালুকৃত 'জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম' হালনাগাদ করা;
- বিদ্যমান জনবলকে দক্ষ করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান;
- অফিসের কর্ম পরিবেশ উন্নতকরণ;
- নিম্ন আয়ের মানুষ বিশেষতঃ নারী, বয়োজেষ্ঠ, প্রতিবন্ধী নাগরিক এবং পেশাজীবী ও বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিদের মধ্যে সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা করা;
- লিংক ব্যাংকের সাথে সমন্বয় সাধন করা।

#### ২০২১-২২ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে ২০২০-২১ অর্থবছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন;
- কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধিকরণ।

আমি, সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মাগুরা হিসেবে জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, খুলনা উপপরিচালক-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, উপপরিচালক, জাতীয় বিভাগীয় কার্যালয়, খুলনা হিসেবে সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মাগুরা নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ



মোঃ ওয়াহিদুজ্জামান  
সঞ্চয় অফিসার  
জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মাগুরা।  
ফোনঃ ০৪৮৮-৬২৫৩৮

২৭/০৬/২০২১

সঞ্চয় অফিসার  
জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মাগুরা।

তারিখঃ



উপপরিচালক  
জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, খুলনা।

মোঃ রেজানুর রহমান  
উপ-পরিচালক  
জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়  
খুলনা বিভাগ, খুলনা।

২৭.০৬.২০২১

তারিখঃ